

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২.২০২০. ৪২১

তারিখ:

১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০২ অক্টোবর ২০২০ খ্রি.

অফিস আদেশ


যেহেতু, জনাব মো: শাহাদাৎ হোসেন, প্রভাষক (বাংলা), আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা এর বিরুদ্ধে জি.আর.মামলা নং-৮৪/২০১৯ (আশাশুনি থানা মামলা নং-০২) তারিখ: ০১/০৫/২০১৯) দায়ের করা হয়। উক্ত মামলায় তিনি ১৭/০৬/২০১৯ তারিখে জেল হাজতে আটক ছিলেন এবং বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরাভাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৭/০৬/২০১৯ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সাতক্ষীরা তাকে উক্ত মামলার চার্জশীট হতে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু, জনাব মো: শাহাদাৎ হোসেন, প্রভাষক (বাংলা), আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা এর সাময়িক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
০২/১০/২০  
(সোলেমান খান)


সচিব

নং- ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২.২০২০. ৪২২/২(৫)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০২ অক্টোবর ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব মো: শাহাদাৎ হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অধ্যক্ষ, আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা।
- ৪। উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৮। জনাব মো: শাহাদাৎ হোসেন, প্রভাষক (বাংলা), আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা

  
০২/১০/২০২০  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব